

তারিখঃ ১৯/০৪/২০২১ (পৃঃ ১৫)



## ত্রি উদ্ভাবিত উচ্চতাপ সহনশীল ধানের জাত দেখতে ব্রিতে কৃষিমন্ত্রী

সম্প্রতি দেশজুড়ে উচ্চ তাপমাত্রা বা হিটশকে ধানের ক্ষয়ক্ষতির পরিপ্রেক্ষিতে ত্রি উদ্ভাবিত উচ্চতাপ সহনশীল ধানের জাত এবং এ সংক্রান্ত গবেষণার অগ্রগতি পর্যবেক্ষণের জন্য রোববার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মাঠে ছুটে আসেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক। তিনি ধানের গবেষণা প্লটসহ ব্লাস্ট ও বিএলবি প্রতিরোধী ধানের অগ্রগামী জাত, ত্রি উদ্ভাবিত বাসমতি টাইপ ধান, হাইব্রিড ধানের গবেষণা এবং ব্ল্যাক রাইসসহ বিভিন্ন উন্নত গুণসম্পন্ন জাতের প্লটগুলো পরিদর্শন করে তিনি সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শনকালে ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর মন্ত্রীকে বিভিন্ন গবেষণা প্লট সম্পর্কে ব্রিফ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

তারিখঃ ১৯/০৪/২০২১ (পৃঃ ০৩)

## ত্রি উদ্ভাবিত উচ্চতাপ সহনশীল ধানের জাত দেখলেন কৃষিমন্ত্রী



### ■ গাজীপুর প্রতিনিধি

দেশ জুড়ে সম্প্রতি উচ্চ তাপমাত্রা বা হিট শকে ধানের ক্ষয়ক্ষতির প্রেক্ষিতে ত্রি উদ্ভাবিত উচ্চ তাপ সহনশীল ধানের জাত এবং এ সংক্রান্ত গবেষণার অগ্রগতি পর্যবেক্ষণের জন্য রবিবার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের গবেষণা মাঠে ছুটে আসেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক এমপি। ভবিষ্যতে উচ্চ তাপমাত্রাজনিত

বিপর্যয় মোকাবিলার জন্য বিজ্ঞানীরা কি ধরনের গবেষণা করছেন মূলত সে সম্পর্কে বাস্তব ধারণা লাভের জন্য তিনি আকস্মিকভাবেই ত্রির গবেষণা মাঠ পরিদর্শন করেন। ঘণ্টাধিককাল ধরে তিনি গাজীপুরে ত্রির গবেষণা মাঠে উচ্চ তাপমাত্রা সহনশীল ধানের গবেষণা প্লটসহ ব্লাস্ট ও বিএলবি প্রতিরোধী ধানের অগ্রগামী জাত, ত্রি উদ্ভাবিত বাসমতি টাইপ ধান, হাইব্রিড ধানের গবেষণা এবং ব্ল্যাক রাইসসহ বিভিন্ন উন্নত গুণ সম্পন্ন জাতের প্লটসমূহ পরিদর্শন করে তিনি সন্তোষ প্রকাশ করেন।

# কালের কণ্ঠ

তারিখঃ ১৯/০৪/২০২১ (পৃঃ ১২)

সংক্ষিপ্ত

## বৈরী পরিবেশ উপযোগী ধানের জাত উদ্ভাবনের তাগিদ কৃষিমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ▷

বৈরী পরিবেশ উপযোগী ও পুষ্টিগুণসম্পন্ন  
জাত উদ্ভাবনের জন্য বিজ্ঞানীদের তাগিদ  
দিয়েছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক।  
মন্ত্রী গতকাল রবিবার গাজীপুরে বাংলাদেশ



ধান গবেষণা  
ইনস্টিটিউটে  
উচ্চতাপ সহনশীল  
ধানের জাত  
গবেষণার  
অগ্রগতি দেখতে  
গবেষণা মাঠ  
পরিদর্শন করেন।  
এ সময় তিনি এ  
আহ্বান জানান।

কৃষিমন্ত্রী বলেন, দেশজুড়ে হিট শকে ক্ষতিগ্রস্ত  
কৃষকদের সহায়তার জন্য সরকার এরই মধ্যে  
৪২ কোটি টাকার প্রাণোদনা প্যাকেজ ও  
সহায়তা কর্মসূচিসহ বিভিন্ন পদক্ষেপ  
নিয়েছে। একই সঙ্গে ভবিষ্যতে যাতে দেশের  
কৃষকদের এমন বিপর্যয়ের মুখোমুখি হতে না  
হয় সে জন্যই উচ্চ তাপমাত্রা সহনশীল এবং  
রোগ ও পোকামাকড় প্রতিরোধক উচ্চ  
ফলনশীল ধানের জাত উদ্ভাবনের বিষয়ে  
গুরুত্ব দিচ্ছে সরকার। এর আগে সকালে  
মন্ত্রী গাজীপুর সদরের নীলের পাড়ায়  
অধ্যাপক ডা. সানোয়ার হোসেনের  
আবাদকৃত জমিতে কম্বাইন হার্বেস্টার প্রযুক্তি  
ব্যবহার করে 'ব্রি ধান ৫০' সংগ্রহ কার্যক্রম  
পরিদর্শন করেন। কৃষিমন্ত্রীর মাঠ  
পরিদর্শনকালে ব্রি মহাপরিচালক ড. মো.  
শাহজাহান কবীর, বিএডিসির চেয়ারম্যান ড.  
অমিতাভ সরকারসহ কৃষি সম্প্রসারণ  
অধিদপ্তর ও বাংলাদেশ ধান গবেষণা  
ইনস্টিটিউটের কর্মকর্তারা এবং এলাকার  
গণ্যমান্য ব্যক্তির উপস্থিতি ছিলেন।

তারিখঃ ১৯/০৪/২০২১ (পৃঃ ১১)

## ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তায় ৪২ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ : কৃষিমন্ত্রী

### নিজস্ব বার্তা পরিবেশক

কৃষিমন্ত্রী ড. মো. আবদুর রাজ্জাক জানিয়েছেন, দেশব্যাপী অতিরিক্ত তাপদাহে ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য সরকার ইতোমধ্যে ৪২ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ও সহায়তা কর্মসূচিসহ বিভিন্ন উদ্যোগ নিয়েছে। গতকাল গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) পরিদর্শনকালে এ কথা বলেন কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক।

মন্ত্রী বলেন, 'সরকার চায় ভবিষ্যতে যেন দেশের মেহনতি কৃষকরা এমন বিপর্যয়ের মুখে না পড়েন। সেজন্য উচ্চ তাপমাত্রা সহনশীল এবং রোগ ও পোকাকার আক্রমণ প্রতিরোধক উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবনের

বিষয়ে সরকার গুরুত্ব দিচ্ছে।'

সম্প্রতি দেশব্যাপী উচ্চ তাপদাহে ধানের ব্যাপক ক্ষয়ক্ষতি মোকাবিলায় কৃষিবিদদের কর্মকাণ্ড দেখতে ধান গবেষণা মাঠ পরিদর্শন করেন মন্ত্রী। তিনি প্রায় এক ঘণ্টাব্যাপী ধান গবেষণার বিভিন্ন মাঠ ঘুরে দেখেন এবং ব্রি'র মহাপরিচালক ড. শাহজাহান কবীরসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করেন। এ সময় ব্রি'র গবেষণা মাঠে উচ্চ তাপমাত্রা সহনশীল ধান, বিভিন্ন রোগ ও পোকাকার আক্রমণ প্রতিরোধী ধানের জাত, অধিক ফলনশীল ধান, হাইব্রিড ধান এবং দেশ-বিদেশ থেকে সংগৃহীত কালো ধানসহ উন্নত গুণগতমান সম্পন্ন ধানের প্রদর্শনী প্রদর্শন করেন কৃষিমন্ত্রী।